বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.০৬.০০১.২০.১০৪

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

বিষয়: **প্রকল্পের হালনাগাত তথ্যের সামঞ্জস্যতা রেখে স্টিয়ারিং কমিটির সভার কার্যপত্র ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন যথাযথভাবে দাখিল প্রসঙ্গে।**

সূত্র: ০১.০৬.২০২২খ্রিঃ পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভা।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ০১.০৬.২০২২খ্রিঃ সিনিয়র সচিব, পাসম মহোদয়ের সভাপতিত্বে পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর জোনের কিছু প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচিত প্রকল্প সম্পর্কিত মাঠদপ্তরসমূহ হতে পূর্বে প্রেরিত প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন তথ্যের সহিত স্টিয়ারিং কমিটির সভার কার্যপত্রের তথ্যের অসামঞ্জস্যতা পাওয়া যায়। উক্ত অসামঞ্জস্যতার প্রেক্ষিতে স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্প সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণে জটিলতার সৃষ্টি হয়। তথ্যের অসামঞ্জস্যতার কারণে সিনিয়র সচিব, পাসম মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। সিনিয়র সচিব মহোদয় যে কোন প্রকল্পের ক্ষেত্রে পুর্বে প্রেরিত তথ্যের ধারাবাহিকতায় এবং তথ্যের সামঞ্জস্যতা রেখে স্টিয়ারিং কমিটির সভার কার্যপত্র প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। একইসাথে সিনিয়র সচিব মহোদয় স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠানের জন্য ধার্য্যকৃত তারিখের ৫ (পাঁচ)দিন পূর্বে সভার কার্যপত্র এবং ৩ (তিন) দিন পূর্বে প্রকল্প সম্পর্কিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন পানি সম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা এবং বাপাউবোর্ডের সদস্যবৃন্দের নিকট প্রেরণেরও নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, সিনিয়র সচিব, পাসম মহোদয় প্রদত্ত নির্দেশনাসমূহ প্রতিপালনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

১-৬-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
ও প্রকল্প পরিচালক, সকল।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.০৬.০০১.২০.১০৪/১(৭)

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
২) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১-৬-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌবে

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)